গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
আইন-১ শাখা

স্মারক নং-৪৪.০০.০০০০.০৫৫.০৫.০০২.১৬-৩২২

তারিখঃ ২৫ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

## পরিপত্র

**বিষয়ঃ ফৌজদারী মামলায় অন্তর্বর্তী তদন্ত প্রতিবেদন (Interim Investigation Report) দাখিল সংক্রান্ত কার্যক্রম তত্ত্বাবধান করার লক্ষ্যে কমিটি গঠন ও কমিটির কার্যপরিধি।**

ফৌজদারী বিচার ব্যবস্থাকে জনবান্ধব ও হয়রানিমুক্ত করার লক্ষ্যে সম্প্রতি Code of Criminal Procedure, 1898 -এ ধারা 173A সংযোজন করা হয়েছে। এর মাধ্যমে হয়রানিমূলকভাবে কারো নাম কোন মামলার প্রাথমিক তথ্য বিবরণীতে (এফআইআর) অন্তর্ভুক্ত করা হলে, তদন্ত কর্মকর্তা কর্তৃক অন্তর্বর্তী তদন্ত প্রতিবেদন দাখিল এবং এরূপ প্রতিবেদন বিবেচনায় নিয়ে আদালত কর্তৃক অভিযুক্তকে অব্যাহতি প্রদানের বিধান করা হয়েছে। উক্ত অন্তর্বর্তী তদন্ত প্রতিবেদন দাখিল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে কিনা তা তত্ত্বাবধান করার লক্ষ্যে জেলা পর্যায়ে, মেট্রোপলিটন এলাকার জন্য এবং মন্ত্রণালয় পর্যায়ে নিম্নরূপ ৩টি কমিটি গঠন করা হলো:

**(ক) জেলা পর্যায়েঃ**

| | | |
|---|---|---|
| ১. | জেলা ম্যাজিস্ট্রেট | ঃ আহ্বায়ক |
| ২. | পুলিশ সুপার | ঃ সদস্য |
| ৩. | পাবলিক প্রসিকিউটর (পিপি) | ঃ সদস্য |
| ৪. | অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) | ঃ সদস্য সচিব |

**(খ) মেট্রোপলিটন এলাকা পর্যায়েঃ**

| | | |
|---|---|---|
| ১. | মেট্রোপলিটন পুলিশ কমিশনার | ঃ আহ্বায়ক |
| ২. | বিভাগীয় কমিশনারের প্রতিনিধি | ঃ সদস্য |
| ৩. | বিজ্ঞ মহানগর পাবলিক প্রসিকিউটর | ঃ সদস্য |
| ৪. | পুলিশ সুপার পদমর্যাদার একজন কর্মকর্তা, মেট্রোপলিটন পুলিশ | ঃ সদস্য সচিব |

**জেলা ও মেট্রোপলিটন এলাকা পর্যায়ের কমিটির কার্যপরিধিঃ**

(১) জুলাই-আগস্ট, ২০২৪ এ সংঘটিত ঘটনার পরিপ্রেক্ষিতে দায়েরকৃত মামলার তথ্য সংগ্রহ ও তালিকা প্রস্তুত করা;

(২) Code of Criminal Procedure, 1898-এ ধারা 173A সংযোজনের পর পুলিশ কমিশনার বা পুলিশ সুপার কর্তৃক সারাদেশে কতটি মামলায় অন্তর্বর্তী তদন্ত প্রতিবেদন দাখিলের আদেশ হয়েছে এবং কতটি মামলায় অনুরূপ প্রতিবেদন দাখিল করা হয়েছে এর তথ্য সংগ্রহ ও তালিকা প্রস্তুত করা;

(৩) Code of Criminal Procedure, 1898-এর ধারা 173A-এর অধীন অন্তর্বর্তী তদন্ত প্রতিবেদন দাখিলের আদেশ প্রদানের ক্ষেত্রে তদন্ত কর্মকর্তা কর্তৃক প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় নেয়া হচ্ছে কিনা তা তত্ত্বাবধান করা;

(৪) তদন্ত কর্মকর্তা কর্তৃক কতটি অভিযোগের অন্তর্বর্তী তদন্ত প্রতিবেদন দাখিল করেছে এবং তার ভিত্তিতে কতজনকে অব্যাহতি প্রদান করা হয়েছে তার পরিসংখ্যান সংগ্রহ করা; এবং

(৫) কমিটি প্রতিমাসে পাক্ষিকভাবে/দুইবার উল্লিখিত তথ্যাদিসহ মন্ত্রণালয় পর্যায়ে গঠিত কমিটির নিকট প্রতিবেদন দাখিল করবে।

**(গ) মন্ত্রণালয় পর্যায়েঃ**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় উপদেষ্টা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | ঃ সভাপতি |
| ২. | সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ঃ সদস্য |
| ৩. | অতিরিক্ত সচিব (আইন ও শৃঙ্খলা), স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ঃ সদস্য |
| ৪. | যুগ্মসচিব (আইন), স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ঃ সদস্য |
| ৫. | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের নিচে নয়) | ঃ সদস্য |
| ৬. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, আইন-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ঃ সদস্য সচিব |

**মন্ত্রণালয় পর্যায়ের কমিটির কার্যপরিধিঃ**

(১) জুলাই-আগস্ট, ২০২৪ এ সংঘটিত ঘটনার পরিপ্রেক্ষিতে সারাদেশে দায়েরকৃত মামলার বিষয়ে জেলা কমিটি কর্তৃক প্রেরিত প্রতিবেদন পর্যালোচনা;

(২) Code of Criminal Procedure, 1898-এর ধারা 173A এর অধীন অন্তর্বর্তী তদন্ত প্রতিবেদন দাখিলের আদেশ প্রদানের ক্ষেত্রে পুলিশ কমিশনার বা পুলিশ সুপারগণ কর্তৃক প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় নেওয়া হচ্ছে কিনা তা তত্ত্বাবধান করা; এবং

(৩) Code of Criminal Procedure, 1898-এর ধারা 173A এর অধীন অন্তর্বর্তী তদন্ত প্রতিবেদন দাখিল এবং উক্ত বিষয়ে জেলা কমিটির কার্যক্রমের সার্বিক অগ্রগতি পর্যালোচনা ও প্রয়োজনীয় সুপারিশ প্রদান।

২। এই পরিপত্র জারির পর জননিরাপত্তা বিভাগের ০৮/১২/২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৫.০৫.০০২.২০২৪-৮৪২ এবং ১৩/০৫/২০২৫ তারিখের ৪৪.০০.০০০০.০৭৫.০৫.০০২.২০২৪-৪০৮ নম্বর পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৯/০৯/২৫ খ্রি.

(মোঃ শফিউল আলম)
সহকারী সচিব
ফোন ঃ ০২২২৩৩৫৪৫২৪।
law1@mhapsd.gov.bd

**অনুলিপিঃ** জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৩। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব , .......................................................... (সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। বিভাগীয় কমিশনার, .................................................... (সকল)।
৮। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সুপ্রীম কোর্ট ভবন, ঢাকা।
৯। যুগ্মসচিব (পুলিশ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, .................................... (সকল)।
১১। উপ-পুলিশ মহাপরিদর্শক, ..............................................(সকল)।
১২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। জেলা ম্যাজিস্ট্রেট, .........................................................(সকল)।
১৫। পুলিশ সুপার , ..............................................................(সকল)।
১৬। পাবলিক প্রসিকিউটর, ...................................................(সকল)।
১৭। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, ঢাকা।
১৮। সিনিয়র সচিব এর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। উপ-নিয়ন্ত্রক, বিজি প্রেস, ঢাকা (বাংলাদেশ গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
২০। তথ্য অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২১। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২২। অফিস কপি।